

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ শতিবাড়ী, রংপুর।

মোবাইলঃ ০১৭৬৯৪০০৭৫৫
ই-মেইলঃ rangpurpbs1@yahoo.com
ওয়েবসাইটঃ www.pbs1.rangpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৫৫৮.৫১৪.০১.০৩৮.২০. ২২৭৭

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ
১৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ


বিষয় : টায়ার সরবরাহের জন্য কোটেশন (RFQ) আহ্বান।

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শতিবাড়ী, রংপুর কর্তৃক নিম্নোক্ত বর্ণনা অনুযায়ী টায়ার সরবরাহের জন্য প্রকৃত সরবরাহকারী/ ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত কোটেশন (RFQ) আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	একক দর	মোট দর
০১	জীপ গাড়ীর টায়ার (টিউবলেস): ব্রান্ড-ব্রিজটোন সাইজ : 205/R16C (নমুনা মোতাবেক)।	৫টি		

শর্তাবলী :

- ০১। আগ্রহী দরদাতাগণ প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বর্ণিত ছকে দর উল্লেখপূর্বক খামের মুখ সীলগালা করে আগামী ১৮/০৬/২০২০ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময় (১) রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শতিবাড়ী, রংপুর অথবা (২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোনাল সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর রক্ষিত টেন্ডার বাঞ্চে সরাসরি অথবা ডাক/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে সীল কোটেশন দাখিল করতে পারবেন। প্রাপ্ত দরপত্রসমূহ এদিন (১৮/০৬/২০২০ খ্রিঃ তারিখ) বেলা ১১:৩৫ ঘটিকার সময় দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের খামের উপর "টায়ার সরবরাহের দরপত্র" কথাটি লিখতে হবে।
- ০৩। সমিতি কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র গ্রহণযোগ্য হলে কার্যাদেশ প্রদানের ১৫দিনের মধ্যে মালামাল নিজস্ব খরচে অত্র সমিতির সদর দপ্তরে পৌছাতে হবে। অন্যথায় প্রতিদিন বিলম্বের জন্য উদ্ধৃত মোট মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসেবে অর্থ বিল হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ০৪। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে সরকারী বিধি মোতাবেক বিল হতে আয়কর ও ভ্যাট কর্তনপূর্বক বিল পরিশোধ করা হবে।
- ০৫। মালামাল সরবরাহের পর দাখিলকৃত বিলের ১০% অর্থ নিরাপত্তা জামানত হিসেবে কর্তন করে রাখা হবে যা, মালামালের কোন ত্রুটি না থাকলে ০৬ (ছয়) মাস পর ফেরৎ প্রদান করা হবে।
- ০৬। দরপত্রের উদ্ধৃত একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন কাটাকাটি, ঘষাঘষি এবং ফ্লাইড ব্যবহার করা যাবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৭। প্রাক্কলিত দরের চেয়ে দাখিলকৃত দর ১০% এর অধিক/কম হলে দরপত্র বাতিল করা হবে।
- ০৮। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩(তিন) দিন পূর্বে সমিতির প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করতে পারবেন।
- ০৯। তালিকায় উল্লিখিত টায়ার এর পরিমাণ সর্বোচ্চ ২০% কম/বেশি করবার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১০। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


(মোঃ নূরুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি দপ্তর, বাপবিবো, ঢাকা-বাপবিবোর্ডের ওয়েব সাইটে RFQ টি প্রচারের জন্য অনুরোধ করা হল।
- ০৩। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা।
- ০৪। পুলিশ সুপার, রংপুর/গাইবান্ধা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪।
- ০৬। ডিজিএম, কারিগরী/পীরগাছা/সুন্দরগঞ্জ/পীরগঞ্জ/সাদুল্লাপুর জোনাল অফিস, রংপুর পবিস-১।
- ০৭। এজিএম (ওএন্ডএম), ভেঙ্গাবাড়ী সাব জোনাল অফিস, রংপুর পবিস-১।
- ০৮। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা), রংপুর পবিস-১।
- ০৯। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), রংপুর পবিস-১ : সমিতির ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হল।
- ১০। মেসার্স -----
- ১১। নোটিশ বোর্ড, রংপুর পবিস-১।

(মোঃ নূরুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার